গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

এবং

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১,২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচিপত্র

যান্ত্রিক উইং, ঢাকা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১ : যান্ত্রিক উইং, ঢাকার রূপকল্প (vision), অভিলক্ষ্য(mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (strategic objectives) , কার্যাবলী (functions)

সেকশন ২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তরসংস্থা/সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়বিভাগের/ উপর নির্ভরশীলতা

সওজ যান্ত্রিক উইং, ঢাকা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of RHD, Mechanical Wing, Dhaka)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ ঃ

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বর্তমানে চালু ৪১টি ফেরিঘাটের স্বচ্ছন্দ্য ও নিরাপদ ফেরি পারাপারের স্বার্থে ৬টি ফেরি এবং ১০টি পন্টুন নতুন নির্মাণ এবং ২১টি ফেরি ও ৩০টি পন্টুন পুনর্বাসন করা হয়। যান্ত্রিক উইং এর বিভিন্ন বিভাগের মাধ্যমে ৮৮৭টি পরিদর্শন যান এবং ৪৩৫টি ভাড়ী যন্ত্রপাতি/সরঞ্জাম মেরামতের মাধ্যমে সচল করা হয়। অর্থনৈতিক অলাভজনক (BER) ৯৫টি অকেজো যানবাহন নিলামে বিক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া যান্ত্রিক উইং এর মাধ্যমে বিভিন্ন সড়ক বিভাগের জন্য ৩২টি ট্রাক সংগ্রহ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

- সড়ক ও জনপথ অধিদপ্তরের যান্ত্রিক উইং এর যন্ত্রপাতি বহরের (Equipment fleet) অধিকাংশ যানবাহন ও যন্ত্রপাতির Economic life ইতোমধ্যে শেষ হয়ে বর্তমানে প্রায় ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। তাই এ সকল পুরাতন যানবাহন ও যন্ত্রপাতি জরুরী ভিত্তিতে প্রতিস্থাপন প্রয়োজন।

- সওজ যান্ত্রিক উইং এর আওতাধীন বিভিন্ন ফেরিঘাটের ফেরি ও পন্টুন সমূহ দীর্ঘদিন পারাপার কার্যক্রমে নিয়োজিত থাকায় উহাদের অধিকাংশ বর্তমানে প্রায় ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। তাই জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্থ ফেরি ও পন্টুন সমূহ প্রতিস্থাপন করা প্রয়োজন।

- সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন দীর্ঘদিনের পুরাতন পরিদর্শন যান ও অন্যান্য যন্ত্রপাতিসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সচল রাখা যান্ত্রিক উইং এর জন্য অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

১. ফেরি ও পন্টুন নির্মাণ ও পূনর্বাসনের জন্য দ্বিতীয় পর্যায় প্রকল্পের আওতায় ৫৭টি ফেরি, ৬২টি পন্টুন ও ৫০টি গ্যাংওয়ে নির্মাণ ।

২. Indian Line of Credit (LoC) এর মাধ্যমে সড়ক ও জনপথ অধিদপ্তরের আধুনিকায়নের জন্য বিভিন্ন সড়ক বিভাগের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহ।

৩. সড়ক ও জনপথ অধিদপ্তরের সড়ক ও মহাসড়ক মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য পরিদর্শনকাজে নিয়োজিত পুরাতন পরিদর্শন যানসমূহ নতুন যানবাহন ক্রয়ের মাধ্যমে প্রতিস্থাপন করা।

২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

১। সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীন বিভিন্ন ফেরিঘাটের জন্য ৭৫টি ফেরি ও পন্টুন নির্মাণ/পূনর্বাসনের মাধ্যমে স্বাচ্ছন্দ ও নিরাপদ ফেরি সার্ভিস সচল রাখা।

২। যান্ত্রিক উইং এর মাধ্যমে ৩২০টি পরিদর্শন যান এবং ২২০টি যন্ত্রপাতি ও সরঞ্জাম মেজর মেরামতের মাধ্যমে সচল করে অধিদপ্তরের কাজকে গতিশীল রাখা।

৩। ব্যবহার অনুপযোগী অতীব পুরাতন (BER) ৫০টি পরিদর্শন যান ও যন্ত্রপাতি নিলামের মাধ্যমে বিক্রয় পূর্বক নতুন পরিদর্শন যান ও যন্ত্রপাতি সংগ্রহ করা।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষে-

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, ঢাকা

এবং

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকার মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ১৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্মারক স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

সেকশন ১:

যান্ত্রিক উইং, ঢাকার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) , কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives এবং কার্যাবলী)

১.১ রূপকল্প (Vision)

আধুনিক, প্রযুক্তিনির্ভর এবং টেকসই মহাসড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা।

১.২ অভিলক্ষ্য (Mission)

মহাসড়ক মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে একটি নিরাপদ, ব্যয়সাশ্রয়ী, মানসম্মত, এবং পরিবেশবান্ধব সড়ক নেটওয়ার্ক গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ: (Strategic Objectives)

১.৩.১ সওজ যান্ত্রিক উইং, ঢাকার কৌশলগত উদ্দেশ্যসমূহ:(Strategic Objectives)

১. স্বচ্ছন্দ, মসৃন ও নিরাপদ ফেরী সার্ভিস নিশ্চিতকরণ;

২. যন্ত্রপাতি, সরঞ্জাম ও পিরদর্শন যান মেরামত করণ।

৩. অকেজো, ব্যবহার অযোগ্য পরিদর্শন যান, যন্ত্রপাতি ও স্ক্র্যাপ মালামাল নিলামের মাধ্যমে বিক্রয় নিশ্চিত করণ;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:(Strategic Objectives)

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ণ

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ণ

৪. তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকন

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ণ

১.৪ কার্যাবলি:(Functions)

১. ফেরি ও পন্টুন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পূনর্বাসন কার্যক্রম।
২. সওজ এর বিভিন্ন বিভাগের চাহিদা মোতাবেক পরিদর্শনযান ও ভারী যন্ত্রপাতির খুচরা যন্ত্রাংশ সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ।
৩. পরিদর্শন যান ও অন্যান্য যন্ত্রপাতি মেরামত ।
৪. পরিদর্শন যান ও যন্ত্রপাতি/ সরঞ্জাম এর টায়ার ও ব্যাটারী সংগ্রহ ও সরবরাহ ।
৫. অকেজো, ব্যবহার অযোগ্য অর্থনৈতিকভাবে অলাভজনক (BER) গাড়ী ও যন্ত্রপাতি নিলামের মাধ্যমে বিক্রয়।

সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY ২০১৮-১৯)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২১
						২০১৬-১৭	২০১৭-১৮	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১. স্বাচ্ছন্দ, মসৃন ও নিরাপদ ফেরি সার্ভিস নিশ্চিত করণ	৫০	১.১. ফেরী ও পন্টুন নির্মান, রক্ষণাবেক্ষণ এবং পূনর্বাসন	১.১.১. নির্মিত, মেরামতকৃত ও পুনর্বাসিত ফেরি ও পন্টুন।	টি	৫০	১৫	৪	৭৫	৭০	৬০	৫০	৪০	৬০	২০
২.স্বাচ্ছন্দ, মসৃন ও নিরাপদ পরিদর্শন যান/যন্ত্রপাতি চলাচল নিশ্চিত করন	৩০	২.১ পরিদর্শন যান ও যন্ত্রপাতি/সরঞ্জাম এর টায়ার ও ব্যাটারী সংগ্রহ ও সরবরাহ	২.১.১ পরিদর্শন যান	টি	৫	১০৫	১২০	৩০০	২৮০	২৬০	২৪০	২২০	৩২০	৩৪০
			২.১.২ যন্ত্রপাতি ও সরঞ্জাম	টি	৪	৪৬	৫০	২০০	১৮০	১৬০	১৪০	১২০	২০০	২০০
		২.২. সওজ এর বিভিন্ন বিভাগের চাহিদা মোতাবেক পরিদর্শনযান ও ভারী যন্ত্রপাতির খুচরা যন্ত্রাংশ সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ	২.২.১. পরিদর্শন যান ও ভারি যন্ত্রপাতির খুচরা যন্ত্রাংশ ক্রয়	গ্রহণকারী বিভাগের সংখ্যা	৩	২৮	৩৫	৪০	৩৫	৩০	২৫	২০	৪০	৪০

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY ২০১৮-১৯)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২১
						২০১৬-১৭	২০১৭-১৮	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
		২.৩. পরিদর্শণ যান ও অন্যান্য যন্ত্রপাতি মেরামত	২.৩.১ পরিদর্শন যান মেরামত	টি	৮	২৭০	২৭০	৩২০	৩০০	২৮০	২৬০	২৪০	৩২০	৩৫০
			২.৩.২ অন্যান্য যন্ত্রপাতি/সরঞ্জাম মেরামত	টি	৭	১১২	১২০	২২০	২০০	১৮০	১৬০	১৪০	২২০	২৪০
৩. অকেজো ব্যবহার অযোগ্য পরিদর্শন যান, যন্ত্রপাতি ও স্ক্র্যাপ মালামাল নিলামের মাধ্যমে বিক্রয় নিশ্চিত করণ	৫	৩.১ অকেজো ব্যবহার অযোগ্য অর্থনৈতিকভাবে অলাভজনক (BER) গাড়ী ও যন্ত্রপাতি নিলামের মাধ্যমে বিক্রয়	৩.১.১ পরিদর্শন যান যন্ত্রপাতি ও স্ক্র্যাপ মালামাল	টি	৩	৩৩	৪০	৫০	৪৫	৪০	৩৫	৩০	৬০	৮০

যান্ত্রিক উইং, ঢাকা কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

(মোট নম্বর- ২০)

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
						লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	অসাধারণ (Excellent) ১০০%	অতি উত্তম (Very Good) ৯০%	উত্তম (Good) ৮০%	চলতি মান (Fair) ৭০%	চলতিমানের নিম্নে (Poor) ৬০%
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ	৩	২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৪ জুলাই, ২০১৮	২৯ জুলাই, ২০১৮	৩০ জুলাই, ২০১৮	৩১ জুলাই, ২০১৮	০১ আগস্ট, ২০১৮
		২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৩ জানুয়ারি, ২০১৯	১৬ জানুয়ারি, ২০১৯	১৭ জানুয়ারি, ২০১৯	২০ জানুয়ারি, ২০১৯	২১ জানুয়ারি, ২০১৯
		সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	আয়োজিত প্রশিক্ষণের সময়	জনঘণ্টা *	১	৬০	-	-	-	-
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত	%	১	৮০	৭০	৬০	৫৫	৫০
			ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত *	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০
			ই-ফাইলে পত্র জারীকৃত **	%	১	৪০	৩৫	৩০	২৫	২০
		উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন	ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত	তারিখ	১	৩১ ডিসেম্বর, ২০১৮	০৭ জানুয়ারি, ২০১৯	১৪ জানুয়ারি, ২০১৯	২১ জানুয়ারি, ২০১৯	২৮ জানুয়ারি, ২০১৯
		সিটিজেন্স চার্টার বাস্তবায়ন	হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা	%	১	৮০	৭৫	৭০	৬০	৫০
			সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর, ২০১৮	১৫ জানুয়ারি, ২০১৯	০৭ ফেব্রুয়ারি, ২০১৯	১৭ ফেব্রুয়ারি, ২০১৯	২৮ ফেব্রুয়ারি, ২০১৯
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত	%	১	৯০	৮০	৭০	৬০	৫০
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ	পিআরএল আদেশ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
			ছুটি নগদায়নপত্র জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৫	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	ব্রডশীট জবাব প্রেরিত	%	০.৫	৬০	৫৫	৫০	৪৫	৪০
			অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	০.৫	৫০	৪৫	৪০	৩৫	৩০
		স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি, ২০১৯	১৭ ফেব্রুয়ারি, ২০১৯	২৮ ফেব্রুয়ারি, ২০১৯	২৮ মার্চ, ২০১৯	১৫ এপ্রিল, ২০১৯

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
						লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	**কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)**	**কার্যক্রম (Activities)**	**কর্মসম্পাদন সুচক (Performance Indicator)**	**একক (Unit)**	**কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)**	অসাধারণ (Excellent) ১০০%	অতি উত্তম (Very Good) ৯০%	উত্তম (Good) ৮০%	চলতি মান (Fair) ৭০%	চলতিমানের নিম্নে (Poor) ৬০%
			অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি, ২০১৯	১৭ ফেব্রুয়ারি, ২০১৯	২৮ ফেব্রুয়ারি, ২০১৯	২৮ মার্চ, ২০১৯	১৫ এপ্রিল, ২০১৯
		বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত	%	২	১০০	৯৫	৯০	৮৫	৮০
জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ	৩	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-
		নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল	নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
		তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	১০০	৯০	৮০	-	-

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ যান্ত্রিক উইং, ঢাকা হিসেবে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর ঢাকার নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর ঢাকা হিসেবে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ যান্ত্রিক উইং, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ যান্ত্রিক উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

তারিখ : ১৬-০৭-২০১৮খ্রিঃ

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

তারিখ: ১৬-০৭ -২০১৮ খ্রিঃ